পাঁচ লাখ টাকা দেনমোহরে বিয়ে হলো থানায়

ফেনীর সোনাগাজী মডেল থানায় এক প্রেমিক যুগলের বিয়ে সম্পন্ন হয়েছে। বৃহস্পতিবার রাতে পুলিশের মধ্যস্থতায় উভয় পরিবারের সম্মতিতে পাঁচ লাখ টাকা দেনমোহরে প্রেমিক যুগলের বিয়ে পড়ানো হয়। পৌরসভার কাজী ডেকে থানার সার্ভিস ডেলিভারি সেন্টার কক্ষে রেজিষ্ট্রি ও বিয়ে পড়ায় পুলিশ। বিয়ের পর নববধূকে নিয়ে ছেলে তার বাড়িতে চলে যায়।

পুলিশ ও প্রেমিক যুগলের পরিবার সূত্রে জানা যায়, ফেনীর দাগনভূঞা উপজেলার পূর্ব চন্দ্রপুর ইউনিয়নের বৈরাগির হাট এলাকার নুর নবীর প্রবাসী ছেলে ইয়াকুবুর রহমানের সাথে সোনাগাজী উপজেলার মজলিশপুর ইউনিয়নের দশআনি গ্রামের আবুল বাসারের মেয়ে বিলকিস আক্তারের (২১) মোবাইল ফোনে প্রেমের সম্পর্ক গড়ে উঠে। আড়াই বছর ধরে মুঠোফোনে তাদের প্রেমের সম্পর্ক চলে। সম্প্রতি ইয়াকুব দেশে ফিরে এসে বিলকিসের বাড়িতে গিয়ে তার পরিবারের কাছে বিয়ের প্রস্তাব দেন। অসৌজন্যমূলক আচরণের অভিযোগ তুলে বিলকিসের পরিবার বিয়ের প্রস্তাব প্রত্যাখ্যান করেন। পরে বৃহস্পতিবার সকালে ইয়াকুব তার ভাই ইয়াছিনকে সঙ্গে নিয়ে বিলকিসদের বাড়িতে যায়। কিছুক্ষণ পর বিলকিস তাদের সাথে মোটর বাইকে চড়ে বাড়ি থেকে বের হওয়ার সময় স্থানীয়রা অপহরণের অভিযোগ এনে দুই ভাইকে আটক করে পুলিশে খবর দেন।

বৃহস্পতিবার দুপুরে বিলকিসের পরিবারের পক্ষ থেকে সোনাগাজী থানায় ইয়াকুব ও তার ভাইয়ের বিরুদ্ধে অপহরণের অভিযোগ করা হয়। পরে রাতে আলোচনার পর উভয় পরিবার বিয়েতে রাজি হয়।

সোনাগাজী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মইন উদ্দিন জানান, পুলিশ মামলা নেওয়ার পক্ষে ছিল। কিন্তু ছেলে পক্ষের প্রস্তাবে মেয়ের পক্ষ মামলা না করার সিদ্ধান্ত নেয়। পরে উভয় পরিবারের সম্মতিতে পাঁচ লাখ টাকা দেনমোহরে তাদের বিয়ে দেওয়া হয়। বিয়ের পর মেয়েকে তার স্বামীর সাথে শ্বশুর বাড়িতে পাঠিয়ে দেওয়া হয়েছে।